তারিখ . 07 .MAY.2016
পৃষ্ঠা ৩-৮ কলাম ৭

দৈনিক জনকণ্ঠ

# রাজধানীর সরকারী স্কুল ভাড়া দিয়ে সামাজিক অনুষ্ঠান

**স্টাফ রিপোর্টার ॥** ছুটির দিনগুলোতে রাজধানীর বিভিন্ন সরকারী স্কুল ভাড়া দিয়ে চলছে বিয়ে, বৌভাত, গায়ে হলুদ, খতনার অনুষ্ঠানসহ নানা সামাজিক অনুষ্ঠান। স্কুলের প্রধান শিক্ষকদের অভিযোগ, এসব অনুষ্ঠানের ভাড়ার টাকা স্কুলের তহবিলে জমা হয় না। বরং এ থেকে লাভবান হচ্ছে স্কুল কমিটির এক শ্রেণীর সদস্যরা। লালবাগ চৌধুরীবাজার সরকারী প্রাথমিক বিদ্যালয়, জামিলা খাতুন লালবাগ বালিকা উচ্চ বিদ্যালয়সহ রাজধানীর বিভিন্ন সরকারী ও বেসরকারী স্কুলে ছুটির দিনে ধুমধামে হয়ে থাকে নানা সামাজিক অনুষ্ঠান। শিক্ষকদের না জানিয়ে স্কুল কমিটির সদস্যরাই পরিচালিত করেন এসব কার্যক্রম। আর এর বিনিময় তারা নিয়ে থাকেন মোটা অংকের টাকা। তবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলছেন, শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক অনুষ্ঠানের বিষয়টি অবগত নন তিনি।